

তারিখ 19 MAY 1987

পৃষ্ঠা ৫ কলাম

টাইপ টেক্সট ১০ম পু

165

## উপজেলা পরিক্রমা সুনামগঞ্জ

সুনামগঞ্জ, ১৮ মে (সংবাদদাতা)।— “সুনামগঞ্জ” হাজারো সমস্যায় জৰ্জিবত একটি উপজেলার নাম। ১৮৭৭ সালে “সুনামদী” নামক জনেক সৈনিক সুনামগঞ্জ বাজার প্রতিষ্ঠা করেন বলে জানা যায়। সুনামগঞ্জ ছিলো আক্তন সিলেট জেলার প্রথম মহকুমা। একশ দশ বছরের সুনামগঞ্জে আজও কোন কলকারখানা গড়ে উঠেনি। স্থাপিত হয়নি বৃহৎ কোন ব্যবসা প্রতিষ্ঠান। অথচ এখানে শিল্পোর্যনের প্রচুর সম্ভাবনা বর্তমান। উপজেলার মোট আয়তন ২২৮.৪৮ বর্গমাইল। এখানে আয় ২ লাখ ৪৪ হাজার ১৯ জন লোকের বাস। এর মধ্যে পুরুষ ১ লাখ ২৫ হাজার ৬শ' ১১ জন এবং মহিলা ১ লাখ ১৮ হাজার ৪শ' ৮ জন। ১৪টি ইউনিয়নের সমষ্টিয়ে গঠিত উপজেলায় গ্রাম রয়েছে ৪৩৪টি।

### কৃষি

উপজেলায় মোট আবাদী জমি রয়েছে ৮৮ হাজার ৪শ' ৫০ একর। এক ফসলী জমি ৬৪ হাজার ৭শ' ১৫ একর। দুই ফসলী জমি ২১ হাজার ৬শ' ২৫ একর। তিন ফসলী জমি ২ হাজার ৫শ' একর।

মোট কৃষিজীবী পরিবারের সংখ্যা ৩৪

হাজার শে' ৭০টি। কৃষিজীবীর সংখ্যা ৫০ হাজার ৪শ' ৫১ জন। ভূমিহীন ৭ হাজার ২শ' ৬০ জন।

এখনকার সব জমি মান্দাতা আমলের চাষাবাদের উপর নির্ভরশীল। একর প্রতি উৎপাদন প্রাণিগতিসিককালে যে তিমিরে ছিলো আজও সে তিমিরেই আছে। কৃষিক্ষেত্রে প্রধান সমস্যা পাহাড়ী ঢল থেকে সৃষ্টি অকাল বন্যা। প্রতি বছর বন্যায় প্রাপ্ত করে এখনকার কোটি কোটি টাকার ফসল। এ ছাড়াও আছে জলসেচের অভাব। প্রয়োজনীয় পানির অভাবহেতু অসহায় কৃষককে বাধা হয়ে বহু পতিত জমি পতিত রাখতে বাধ্য হয়।

### শিক্ষা

শিক্ষাক্ষেত্রে সুনামগঞ্জ এখনও অনেক পেছনে পড়ে আছে। সারা উপজেলায় প্রাথমিক বিদ্যালয় আছে মাত্র ১৬৫টি। এর মধ্যে সরকারী ১৪৯টি। বাকী ১৫টি বেসরকারী। সরকারী উচ্চ বিদ্যালয়ের সংখ্যা ২টি। একটি ছেলেদের অপরটি মেয়েদের। বেসরকারী উচ্চ বিদ্যালয় আছে মাত্র ৭টি।